


# লোকসংস্কৃতি ও লোকসাহিত্য

সম্পাদনাঃ ড. পীরুপদ মালিক



Lokosanskriti O Lokosahitya
*Collection of articles edited by Dr. Pirupada Malik
Associate Professor, Rabindra Mahavidyalaya, Published by Bikash Sadhukhan, 9/3
Ramanath Majumder Street, Kolkata-700 073, February 2023, Rs.*

গ্রন্থস্বত্ব : সম্পাদক

প্রকাশক :
বিকাশ সাধুখাঁ
৯/৩ রমানাথ মজুমদার স্ট্রিট
কলকাতা-৭০০ ০০৯

প্রথম প্রকাশ : আন্তর্জাতিক কলকাতা বইমেলা
৫ ফেব্রুয়ারি, ২০২৩

বর্ণ বিন্যাসে : রূপম চক্রবর্তী

মুদ্রক :
মা শীতলা প্রিন্টিং ওয়ার্কস্
১৩, শশীভূষণ দে স্ট্রিট
কলকাতা-৭০০ ০১২

ISBN : 978-93-91321-38-3

মূল্য : ১৬০ টাকা মাত্র

# লোকসংস্কৃতি
# ও
# লোকসাহিত্য

সম্পাদনা

ড. পীরুপদ মালিক

প্রজ্ঞা বিকাশ

৯/৩, রমানাথ মজুমদার স্ট্রিট
কলকাতা-৭০০০০৯

# সূচিপত্র

১। লোকসংস্কৃতি — পীরুপদ মালিক ১১

• সংস্কৃতি • লোকসংস্কৃতি • সংজ্ঞা • উদ্ভবের ইতিহাস • বাংলা প্রতিশব্দ • স্বরূপ-বৈশিষ্ট্য • শ্রেণিবিভাগ • লোকসংস্কৃতি বনাম অভিজাত সংস্কৃতি • লোকসংস্কৃতি ও অভিজাত সংস্কৃতির পার্থক্য • লোকসংস্কৃতি সীমানা, দ্বন্দ্ব-সমন্বয়

২। লোকসাহিত্য — বর্ণালী হাজরা ২৩

• সাধারণ পরিচয় • সংজ্ঞা • শ্রেণিবিভাগ • বৈশিষ্ট্য • লোকসংস্কৃতি ও লোকসাহিত্যের পার্থক্য

৩। লোককথা অনুশীলনে টাইপ-মোটিফ পদ্ধতি — নবনীতা বসু ২৯

• লোকসংস্কৃতি টাইপ-মোটিফ পদ্ধতি • পশুকথা • সাধারণ লোককথা • হাসি ও পারিবারিক লোককথা • মোটিফ ইনডেক্স পদ্ধতি • লোকপুরাণ • জীবজন্তু • ট্যাবু বা বিধিনিষেধ • জাদু • মৃত • অসাধ্যসাধন • রাক্ষস-খোক্কস-দৈত্য-দানব-ডাইনি • পরীক্ষা • চালাক ও বোকা • প্রতারণা • লোককথার টাইপ-মোটিফ পদ্ধতি

৪। বাংলার ছড়া : জীবনে ও সাহিত্যে — পায়েল দে কুণ্ডু ৪১

• ছড়া শব্দের উৎপত্তি • সংজ্ঞা • বৈশিষ্ট্য • শ্রেণিবিভাগ

৫। প্রবাদ-প্রবচন — দীনবন্ধু কুণ্ডু ৪৯

• প্রবাদ শব্দের উৎপত্তি • সংজ্ঞা • বৈশিষ্ট্য • শ্রেণিবিভাগ • প্রবাদ ও ধাঁধা • বাগধারা • ডাক ও খনার বচন

৬। ধাঁধা — রুমা চক্রবর্তী ৬০

• উৎপত্তি — ভাষাগত দিক, স্থানগত দিক • শ্রেণিবিভাগ • সংজ্ঞা • বৈশিষ্ট্য • উপাদান • প্রয়োগ • ধাঁধা চর্চার ইতিহাস • ধাঁধা ও প্রবাদের পার্থক্য

৭। লোককথা — পীরুপদ মালিক ৬৮
• উৎস • সংজ্ঞা • শ্রেণিবিভাগ — রূপকথা, উপকথা, ব্রতকথা, পুরাণ কথা

৮। লোকমন্ত্র — মৌসুমী ব্যানার্জী ৭৪
• সংজ্ঞা • মন্ত্রের উৎপত্তি • বৈশিষ্ট্য — অভিজাত মন্ত্র, লৌকিক মন্ত্র • ভিন্ন ধরনের মন্ত্র • সাহিত্যে লৌকিক মন্ত্রের প্রয়োগ • অভিজাত ও লৌকিক মন্ত্রের পার্থক্য

৯। লোকবাদ্য ও লোকপ্রযুক্তি — দীনবন্ধু কুণ্ডু ৮২
• উদ্ভবের ইতিহাস • লোকপ্রযুক্তি • লোকপ্রযুক্তির ইতিহাস

১০। লোকসঙ্গীত — ইন্দ্রাণী মালিক ৯০
• উদ্ভবের ইতিহাস • সংজ্ঞা • স্বরূপ-বৈশিষ্ট্য • শ্রেণিবিভাগ — ধর্মীয় প্রেরণাজাত, ধর্মীয় প্রেরণা নিরপেক্ষ

১১। বাউল ও বাউল গান — মধুমিতা সরকার ৯৬
• বাউল গানের উদ্ভবের ইতিহাস • বাউল শব্দের উৎপত্তি • গানের পরিচয়

১২। লোকগান ভাটিয়ালি — দীপন দাস ১০২
• ভাটিয়ালি শব্দের উদ্ভবের ইতিহাস • গানের ইতিহাস • ভাটিয়ালি গানের বিষয় বৈচিত্র্য — লৌকিক প্রেম, রাধাকৃষ্ণের প্রেম, আধ্যাত্মিক স্তরের গান • ভাটিয়ালি গানের বৈশিষ্ট্য

১৩। লোকসঙ্গীত ভাওয়াইয়া — সঞ্জয়কুমার পতি ১১০
• ভাওয়াইয়ার অবস্থান • নামকরণ • বিষয়বস্তু ও প্রকারভেদ • ভাওয়াইয়া গানের সংগীত শিল্পী

১৪। লোকসঙ্গীত গম্ভীরা : বিবর্তিত সময়ে — পায়েল ভট্টাচার্য্য ১১৬
• গম্ভীরার উদ্ভবের ইতিহাস • গম্ভীরার শ্রেণিবিভাগ — বন্দনা, চার-ইয়ারী, টপ্পা-ঠুংরী, সালতামামি • লোকনাট্য • লোকসঙ্গীত

১৫। লোকনাট্যের রকমফের — মহুয়া বিশ্বাস ১২২
• লোকনাট্যের প্রকারভেদ • পালাটিয়া • কোজাগরী খনগান • আলকাপ • গাজন পালা

১৬। লোকনৃত্য ছৌ — গম্ভীর কুমার ১৩৩
• লোকনৃত্যের উদ্ভব ও ইতিহাস • পুরুলিয়ার ছৌ-নৃত্য • সেরাইকেলার ছৌ-নৃত্য

১৭। লোকনৃত্য ও রায়বেঁশে — দীনবন্ধু কুণ্ডু ১৪৪
• লোকনৃত্যের সাধারণ পরিচয় • মুখোশ নৃত্য • ছৌ-নৃত্য • গম্ভীরা নৃত্য • মুখাখেলা নৃত্য • ধর্মীয় বা আচার নৃত্য • উৎসব নৃত্য • ব্যবসায়ী নৃত্য • যুদ্ধ নৃত্য • উপজাতি নৃত্য • রায়বেঁশে লোকনৃত্যের বিস্তৃত পরিচয়

১৮। লোকনৃত্যের বৃত্তে করম, নাটুয়া ও নাচনি — নিবেদিতা দিন্দা ১৫৪
• লোকনৃত্যের পরিচয় • লোকনৃত্যের বৈশিষ্ট্য • করম নাচ ও তার বৈশিষ্ট্য • নাটুয়া নাচ ও তার বৈশিষ্ট্য • নাচনি নাচ ও তার বৈশিষ্ট্য

১৯। বাংলার ব্রত ও পার্বণ : প্রসঙ্গ পুণ্যিপুকুর, মাঘমণ্ডল ও সেঁজুতি — পূজা ভুঁঞে ১৬২
• ব্রত সাধারণ পরিচয় • পুণ্যিপুকুর • মাঘমণ্ডল • সেঁজুতি • গোকুল • দশ-পুতুল • শিব ব্রত • যমপুকুর

২০। লোক উৎসব 'ভাদু' — একটি সমীক্ষা — সুজাতা বন্দ্যোপাধ্যায় ১৭৪
• ভাদু উৎসবের উৎপত্তি • ভাদু উৎসবের ইতিহাস • লোকউৎসব ভাদু

২১। মানভূমের লোকসংগীত 'ঝুমুর' — সঞ্জয়কুমার পতি ১৮২
• সীমানা • ঝুমুর নামের উৎপত্তি • ঝুমুরের প্রকারভেদ • মাস অনুযায়ী প্রচলিত ঝুমুর • ঝুমুর গানের বিষয় • ঝুমুর গানের সঙ্গে নাচনী নাচের সম্পর্ক • ঝুমুর : সেকাল-একাল

# প্রবাদ-প্রবচন

**দীনবন্ধু কুণ্ডু**

একটি জাতির সামগ্রিক জীবন চেতনা ও জীবন চর্যার বৈশিষ্ট্য প্রতিফলিত হয় প্রবাদ প্রবচনের মধ্য দিয়ে। লোকসংস্কৃতি ও লোকসাহিত্যের অন্যতম এই উপাদানটি আবহমান কাল থেকে আমাদের মননকে ঋদ্ধ ও হৃদয়কে তৃপ্ত করে চলেছে। মানুষের বিস্তৃততর জীবন অভিজ্ঞতার সংক্ষিপ্ততম সাহিত্যিক ও আলংকারিক বহিঃপ্রকাশ হল প্রবাদ। মানবজীবনের কতগুলি মৌখিক বিষয় নিয়ে প্রবাদ রচিত হয়। জীবনধারার পরিবর্তনের সঙ্গে সঙ্গে যদি কোনো প্রবাদ সমসাময়িক জীবনের সঙ্গে সম্পর্কহীন হয়ে পড়ে; তবে তা সেই সমাজে আর গ্রাহ্য হয় না। কৃষিনির্ভর গ্রামীণ সমাজে বহু প্রবাদ প্রবচন নাগরিক ও যান্ত্রিক সভাতার বিকাশের ফলে পরিত্যক্ত হয়েছে। বাংলার কৃষি সমাজে এখনও কিছু কৃষি সম্পর্কিত প্রবাদ প্রবচনের প্রচলন রয়েছে। এগুলি মূলত খনার বচন রূপে পরিচিত। আর এক শ্রেণির প্রবাদে আবহাওয়া সংক্রান্ত নানা তথ্য জানা যায়। তাদের ডাকের বচন বলে। তিব্বতে ডাক শব্দের অর্থ প্রজ্ঞা পুরুষ। অর্থাৎ ডাকের বচনের অর্থ হল প্রাজ্ঞ বা জ্ঞানী পুরুষের বচন বা কথা। প্রবাদ সমাজের অভিব্যক্তি অনুযায়ী পরিবর্তিত হয়। অলংকার ও ভাষার কারুকার্যে প্রবাদ সাহিত্যগুণ বিশিষ্ট ও সরস হয়ে ওঠে। এটি সংক্ষিপ্ত রচনা কিন্তু সম্পূর্ণ বাক্য। যার মধ্যে কর্তা, কর্ম, অসমাপিকা ও সমাপিকা ক্রিয়া সবই থাকতে পারে। ড. আশুতোষ ভট্টাচার্য তাঁর 'বাংলা লোকসংস্কৃতি' গ্রন্থে প্রবাদ সম্পর্কে বলেছেন—"....প্রবাদগুলো প্রত্যক্ষ বাস্তব জীবনের অভিজ্ঞতার ফল। কিন্তু এই অভিজ্ঞতার একটা সীমা আছে।"[১] প্রকৃতপক্ষে সমাজের মানুষের আচরণ এবং প্রাত্যহিক জীবনাচরণের ভিতর দিয়ে যে অভিজ্ঞতা সঞ্চিত হয় তার মধ্যে যা নিজেদের বাস্তব অভিজ্ঞতার দিক দিয়ে নিতান্ত তিক্ত, প্রধানত তার দ্বারাই প্রবাদ রচিত হয়ে থাকে। প্রবাদ মধুর বচন নয়, তা সংসার সংগ্রামে ক্ষতবিক্ষত মানুষের কঠোর জীবন অভিজ্ঞতার অভিব্যক্তি ছাড়া অন্য কিছু নয়। প্রবাদ প্রাথমিকভাবে নিরক্ষর মানুষের দ্বারা সৃষ্ট হলেও তা সমাজের দ্বারা স্বীকৃত হয়ে প্রতিষ্ঠা লাভ করে।

ইংরেজি Proverb শব্দটির বাংলা প্রতিশব্দ হল প্রবাদ। Spanish ভাষায় একটি প্রবাদ রয়েছে—"A proverb is a short sentence based on a long experience." প্রবাদ হল একটি ছোটো বাক্য, কিন্তু এর ভিত্তিতে আছে দীর্ঘ অভিজ্ঞতা। প্রবাদ মানুষের দীর্ঘ অভিজ্ঞতার ফসল। বাস্তববুদ্ধি, অভিজ্ঞতা, ব্যঙ্গবিদ্রূপ, হাস্যরস সবকিছুই প্রবাদের মধ্যে মিশে থাকে। পাশ্চাত্য দার্শনিক এর মতে—"The genius wit and spirit of nation discover by their proverbs" রাজশেখর বসুর 'চলন্তিকা' গ্রন্থে